# বিরোধ মীমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, ২০০৪

( ২০০৪ সনের ১২ নং আইন )

**পৌর এলাকায় কতিপয় মামলার সহজ ও দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে বিরোধ মীমাংসা বোর্ড প্রতিষ্ঠাকল্পে প্রণীত আইন।**

যেহেতু পৌর এলাকায় কতিপয় মামলার সহজ ও দ্রুত নিষ্পত্তিকল্পে বিরোধ মীমাংসা বোর্ড প্রতিষ্ঠা করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রয়োগ**

১। (১) এই আইন বিরোধ মীমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা পৌরসভা অধ্যাদেশ এর অধীন ঘোষিত পৌর এলাকায় প্রযোজ্য হইবে।

**সংজ্ঞা**

২। (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "আমলযোগ্য অপরাধ" অর্থ ফৌজদারী কার্যবিধির ধারা ৪-এ সংজ্ঞায়িত কোন আমলযোগ্য অপরাধ;

(খ) "ডিক্রি" অর্থ দেওয়ানী কার্যবিধির ধারা ২-এ সংজ্ঞায়িত ডিক্রি;

(গ) "তফসিল" অর্থ এই আইনের তফসিল;

(ঘ) "দণ্ড বিধি" অর্থ Penal Code (XLV of 1860);

(ঙ) "দেওয়ানী কার্যবিধি" অর্থ Code of Civil Procedure, 1908 (XLV of 1908);

(চ) "নির্ধারিত" অর্থ বিধি দ্বারা নির্ধারিত;

(ছ) "পক্ষ" অর্থে এমন ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবে যাহার উপস্থিতি কোন মামলার যথাযথ নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় বলিয়া বিবেচিত হয় এবং যাহাকে বোর্ড উক্ত মামলায় পক্ষভুক্ত করে;

(জ) "পৌরসভা" অর্থ পৌরসভা অধ্যাদেশের অধীন গঠিত পৌরসভা;

(ঝ) "পৌরসভা অধ্যাদেশ" অর্থ Paurashava Ordinance, 1977 (XXVI of 1977);

(ঞ) "ফৌজদারী কার্যবিধি" অর্থ Code of Criminal Procedure, 1898 (V of 1898);

(ট) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(ঠ) "বিরোধ মীমাংসা বোর্ড" বা "বোর্ড" অর্থ এই আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিরোধ মীমাংসা বোর্ড;

(ড) "মামলা" অর্থে কোন বিরোধও অন্তর্ভুক্ত হইবে;

(ঢ) "সভাপতি" অর্থ পৌরসভার চেয়ারম্যান বা তাহার অনুপস্থিতিতে ধারা ৭(২) অনুসারে বোর্ডে সভাপতিত্বকারী কোন ব্যক্তি;

(ণ) "সদস্য" অর্থ ধারা ৭(১) এ উল্লিখিত বিরোধ মীমাংসা বোর্ডের সদস্য।

(২) এই আইনে ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা দেওয়া হয় নাই এমন শব্দ বা অভিব্যক্তি পৌরসভা অধ্যাদেশে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

**বিরোধ মীমাংসা বোর্ড**

৩। (১) তফসিলভুক্ত অপরাধ বা বিষয়সমূহ সম্পর্কে যাবতীয় মামলার বিচারের জন্য প্রত্যেক পৌর এলাকায় একটি বিরোধ মীমাংসা বোর্ড থাকিবে এবং উক্ত পৌর এলাকার নামসহ বিরোধ মীমাংসা বোর্ডের নামকরণ করা হইবে।

(২) বিরোধ মীমাংসা বোর্ড সাধারণতঃ পৌরসভা কার্যালয়ে উহার বিচারকার্য পরিচালনা করিবে।

**বোর্ড কর্তৃক বিচারযোগ্য মামলাসমূহ**

৪। (১) এই আইনে ভিন্নরূপ কিছু না থাকিলে, তফসিলে বর্ণিত অপরাধ বা বিষয়সমূহ সম্পর্কে সকল মামলা কেবলমাত্র বিরোধ মীমাংসা বোর্ড কর্তৃক বিচারযোগ্য হইবে, এবং কোন দেওয়ানী বা ফৌজদারী আদালতের উক্তরূপ কোন মামলা বিচার করিবার কোন এখ্তিয়ার থাকিবে না।

(২) বিরোধ মীমাংসা বোর্ড তফসিলের-

(ক) প্রথম অংশে বর্ণিত কোন অপরাধ সম্পর্কে কোন মামলার বিচার করিবে না, যদি মামলার অভিযুক্ত ব্যক্তি পূর্বে কোন সময়ে কোন আমলযোগ্য অপরাধে দোষী সাব্যস্ত হইয়া থাকেন;

(খ) দ্বিতীয় অংশে বর্ণিত কোন বিষয় সম্পর্কে কোন মামলার বিচার করিবে না, যদি-

(অ) মামলায় কোন নাবালকের স্বার্থ জড়িত থাকে;

(আ) মামলায় জড়িত পক্ষগণের মধ্যে সম্পাদিত কোন চুক্তিতে সালিশের বা বিরোধ নিষ্পত্তির বিধান থাকে;

(ই) সরকার বা কোন স্থানীয় কর্তৃপক্ষ বা কোন সরকারী কর্মচারী তাহার সরকারী দায়িত্ব পালন করার কারণে মামলার কোন পক্ষ হয়।

(৩) কোন স্থাবর সম্পত্তির দখল বুঝাইয়া দেওয়ার বা দখল পুনরুদ্ধারের মামলায় স্বত্ব সাব্যস্ত করিবার প্রয়োজন আছে বলিয়া বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করিলে, উহার দখল পুনরুদ্ধারের ব্যাপারে দায়েরকৃত মামলার ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধানসমূহ প্রযোজ্য হইবে না।

**কতিপয় মামলা হস্তান্তর**

৫। (১) ধারা ৪-এ যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন ক্ষেত্রে তফসিলের প্রথম অংশে বর্ণিত কোন অপরাধের সহিত তফসিল বহির্ভূত কোন অপরাধও সংঘটিত হয় এবং উভয় অপরাধের বিচার একত্রে হওয়া প্রয়োজন বা বাঞ্ছনীয়, তাহা হইলে তফসিলভুক্ত উক্ত অপরাধের বিচার কোন বোর্ডে করা যাইবে না এবং এইরূপ কোন মামলা বোর্ডে দায়ের হইলে বোর্ড সংশ্লিষ্ট কারণ উল্লেখপূর্বক অভিযোগের দরখাস্তটি অভিযোগকারীকে ফেরত্ দিতে বা অপরাধ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট থানায় প্রেরণ করিতে পারিবে।

(২) বোর্ডে বিচারাধীন কোন মামলা উহার বিবেচনায় ন্যায়বিচারের স্বার্থে অভিযুক্ত ব্যক্তিকে শাস্তি প্রদানের প্রয়োজন হইলে, উক্ত মামলা বিচার ও নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট এখ্তিয়ার সম্পন্ন ফৌজদারী আদালতে প্রেরণ করিতে পারিবে।

**বোর্ডের এখ্তিয়ার**

৬। কোন বোর্ড তফসিলভুক্ত কোন অপরাধ বা বিষয় সম্পর্কে কোন মামলার বিচার করিতে পারিবে, যদি-

(ক) উহা যে পৌর এলাকার জন্য প্রতিষ্ঠিত হইয়াছে সেই পৌর এলাকায় উক্ত অপরাধ সংঘটিত হয় বা সেই বিষয়টি সম্পর্কে বিরোধের কারণ উদ্ভব হয়; এইরূপ ক্ষেত্রে কোন পক্ষ বা কোন ব্যক্তি সংশ্লিষ্ট পৌর এলাকা বহির্ভূত এলাকায় বসবাস করা স্বত্ত্বেও মামলা চলিবে; অথবা

(খ) মামলার উভয় পক্ষ সাধারণতঃ উক্ত পৌর এলাকায় বসবাস করেন।

**বোর্ডের গঠন ইত্যাদি**

৭। (১) নিম্নবর্ণিত ৫ (পাঁচ) জন সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) পৌরসভার চেয়ারম্যান, যিনি পদাধিকার বলে বোর্ডের সভাপতিও হইবেন;

(খ) নির্ধারিত পদ্ধতিতে মামলার বাদী পক্ষ কর্তৃক মনোনীত দুইজন এবং বিবাদী পক্ষ কর্তৃক মনোনীত দুইজন করিয়া সদস্য:

তবে শর্ত থাকে যে, প্রত্যেক পক্ষ কর্তৃক মনোনীত দুইজন সদস্যের মধ্যে একজন হইবেন সংশ্লিষ্ট পৌরসভার কোন কমিশনার।

(২) কোন কারণে পৌরসভার চেয়ারম্যান দায়িত্ব পালনে অসমর্থ হইলে বা কোন মামলার বিচার কার্য শুরু হইবার পূর্বে বা চলাকালীন সময়ে কোন পক্ষ কর্তৃক তাহার নিরপেক্ষতা সম্পর্কে আপত্তি উত্থাপিত হইলে নির্ধারিত পদ্ধতিতে সংশ্লিষ্ট পৌরসভার কোন কমিশনার বোর্ডের সভাপতির দায়িত্ব পালন করিবেন।

(৩) বাদীপক্ষ বা বিবাদীপক্ষ বা উভয় পক্ষের পৌরসভার কমিশনার সদস্য ব্যতীত অন্য কোন মনোনীত সদস্য বোর্ডের কোন বৈঠকে অনুপস্থিত থাকিলেও বোর্ডের বিচারকার্য চলিবে এবং এইরূপ বিচারকার্য অবৈধ বলিয়া গণ্য হইবে না।

**বোর্ডে মামলা দায়ের পদ্ধতি**

৮। (১) এই আইনের অধীনে তফসিলে বর্ণিত অপরাধ বা বিষয়সমূহ সম্পর্কে সকল মামলার বিচার ও নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট ব্যক্তি তাহার দস্তখত বা টিপসহিযুক্ত সাদা কাগজে বাংলা ভাষায় লিখিয়া বোর্ডের নিকট দরখাস্ত দাখিল করিবেন এবং এইরূপ দরখাস্তে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে, যথা:-

(ক) দরখাস্তকারী কর্তৃক মনোনীত সদস্যের নাম ও ঠিকানা;

(খ) প্রত্যেক বিবাদীর নাম ও ঠিকানা;

(গ) প্রত্যেক বিবাদীর উপর নোটিশ জারীর জন্য দরখাস্তের একটি করিয়া কপি।

(২) দরখাস্ত দাখিলের পর বোর্ড কর্তৃক নির্ধারিত পৌরসভার কর্মকর্তা উহা পরীক্ষা করিয়া যদি দেখেন যে, মামলাটি বোর্ড কর্তৃক বিচারযোগ্য, তাহা হইলে তিনি উহা নির্ধারিত নিবন্ধন বহিতে লিপিবদ্ধ করিবেন এবং মামলাটি বোর্ড কর্তৃক বিচারযোগ্য না হইলে তিনি দরখাস্তে কারণ উল্লেখ করিয়া উহা দরখাস্তকারীকে ফেরত্ দিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন কোন দরখাস্ত ফেরত্ প্রদান করা হইলে, দরখাস্তকারী বিষয়টি পুনরায় বিবেচনার জন্য সভাপতির নিকট পেশ করিতে পারিবেন এবং সভাপতির সিদ্ধান্ত অনুসারে উক্ত দরখাস্তের উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইবে।

**বোর্ড কর্তৃক প্রদেয় প্রতিকার**

৯। (১) তফসিলের প্রথম অংশে উল্লিখিত অপরাধসমূহের ব্যাপারে বোর্ড কোন কারাদণ্ড বা অর্থদণ্ড আরোপ করিতে পারিবে না, শুধুমাত্র ক্ষতিপূরণ প্রদানের আদেশ দিতে পারিবে।

(২) তফসিলের দ্বিতীয় অংশে উল্লিখিত বিষয়ে বোর্ড ক্ষতিপূরণ বা অর্থ প্রদান বা প্রযোজ্য ক্ষেত্রে বেদখল হওয়া সম্পত্তি পুনরুদ্ধারের আদেশ দিতে পারিবে।

**বোর্ডের সিদ্ধান্ত**

১০। (১) সদস্যগণের সর্বসম্মত বা সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সভাপতি নিজে বা তত্কর্তৃক নির্দেশিত অন্য কোন সদস্য সংক্ষিপ্তাকারে সিদ্ধান্ত লিখিবেন বা তাহার জবানীতে সভাপতি কর্তৃক নির্ধারিত পৌরসভার কোন কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত লিখিবেন, এবং উপস্থিত সকল সদস্য উক্ত সিদ্ধান্ত দস্তখত করিবেন।

(২) বোর্ডের সিদ্ধান্ত প্রকাশ্যে ঘোষণা করা হইবে।

(৩) সংখ্যাগরিষ্ঠ সদস্যের সিদ্ধান্ত বোর্ডের সিদ্ধান্ত বলিয়া গণ্য হইবে, তবে ভিন্নমত পোষণকারী সদস্য বা সদস্যগণের মতামত নথিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং ভিন্নমত পোষণকারী সংশ্লিষ্ট সদস্য উহাতে দস্তখত করিবেন।

**বোর্ডের সিদ্ধান্তের চূড়ান্ততা ও আপীল**

১১। (১) বোর্ডের সিদ্ধান্ত উপস্থিত সকল সদস্যের সম্মতিতে বা পাঁচজন সদস্যের মধ্যে চারজনের সম্মতিতে প্রদত্ত হইলে, বা উপস্থিত সদস্যের সংখ্যা চারজন হইলে এবং তিনজনের সম্মতিতে প্রদত্ত হইলে উহা চূড়ান্ত হইবে।

(২) যেইক্ষেত্রে বোর্ড তিনজন সদস্যের সম্মতিতে এবং দুইজনের অসম্মতিতে বা দুইজনের সম্মতিতে এবং একজনের অসম্মতিতে সিদ্ধান্ত প্রদান করেন, সেইক্ষেত্রে সংক্ষুব্ধ পক্ষ সিদ্ধান্ত প্রদানের ত্রিশ দিনের মধ্যে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে,-

(ক) তফসিলের প্রথম অংশে উল্লিখিত বিষয়ের সহিত সংশ্লিষ্ট মামলার ক্ষেত্রে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত;

(খ) তফসিলের দ্বিতীয় অংশে উল্লিখিত বিষয়ের সহিত সংশ্লিষ্ট মামলার ক্ষেত্রে যুগ্ম-জেলা জজ আদালত;

এর নিকট আপীল করিতে পারিবেন এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত বা, ক্ষেত্রমত, যুগ্ম-জেলা জজ আদালত আপীলের আবেদনটি বিবেচনাক্রমে যদি সন্তুষ্ট হয় যে, সিদ্ধান্তের আইনগত ভুলত্রুটির কারণে ন্যায়বিচার প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যত্যয় ঘটিয়াছে, তাহা হইলে তিনি সংশ্লিষ্ট নথি তলব করিয়া উহা পর্যালোচনাপূর্বক ন্যায় বিচারের স্বার্থে যথাযথ আদেশ প্রদান করিতে পারিবেন এবং এই বিষয়ে উক্ত আদালতের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(৩) এই আইনের অধীন বোর্ড বা অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, যুগ্ম-জেলা জজ আদালত কর্তৃক চূড়ান্তভাবে নিষ্পত্তিকৃত কোন বিষয়ে অন্য কোন